JAN. 2001

# কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন ৩১শে জানুয়ারী

**কৃষি বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ঃ** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির ১১টি পদে ২০০১ সনের নির্বাচন আগামী ৩১শে জানুয়ারী বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত হইবে। নির্বাচনকে সামনে রাখিয়া ক্যাম্পাসে ব্যাপক প্রচারণা এবং লবিং-গ্রুপিং চলিতেছে। ২১শে জানুয়ারী শিক্ষকদের সদস্য হওয়ার শেষ তারিখ থাকায় পূবালী ব্যাংকে প্রচন্ড ভীড় দেখা গিয়াছে। ২২শে জানুয়ারী খসড়া এবং ২৩শে জানুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হইবে। মনোনয়নপত্র ২৪শে জানুয়ারী সকাল ১০টা হইতে দুপুর ১টার মধ্যে সংগ্রহ করিতে হইবে। ২৭শে জানুয়ারী দুপুর ১২টার মধ্যে প্রিসাইডিং অফিসার ভেটেরিনারি ডীনের নিকট মনোনয়নপত্র জমা দিতে হইবে।